মেহেরপুরে ঝড় বৃষ্টিতে বিভিন্ন ফসলের ক্ষতির আশংকায় চিন্তিত চাষিরা

বৃহষ্পতিবার রাতে মেহেরপুরের ওপর দিয়ে বয়ে যাওয়া হঠাৎ বৃষ্টি ও ঝড়ো হাওয়া উঠতি ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

বিশেষ করে গম, মসুরি ও তামাক ক্ষেতের ব্যাপক ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন জেলার চাষিরা। গেল রাত্রে এ ঝড়ো হাওয়া ও বৃষ্টি শুরু হয়। ঘন্টাব্যাপী বৃষ্টি ও ঝড়ো হাওয়ায় গম মাটিতে নুইয়ে পড়ে ও মসুরি ক্ষেতের ফুল ঝরে যায়।

তামাক পাতা ছিড়ে গেছে এবং কলা ক্ষেতের গাছ ভেঙ্গে গেছে। চাষিরা বেশ ক্ষতিগ্রস্থ হবেন বলে জানালেও কৃষি অফিস বলছে, ক্ষতির সম্ভাবনা কম।

কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলতি মৌসূমে জেলায় বারি গম-৩৩,বারি গম ৩২ ও বারি গম ২৬ জাতের গমের আবাদ হয়েছে মোট সাড়ে ১২ হাজার হেক্টর জমিতে। ভুট্রার আবাদ হয়েছে ১৩ হাজার ৮৩০ হেক্টর ও মসুরি আবাদ হয়েছে ৭ হাজার ৮৫ হেক্টর জমিতে। চাষিদের আবাদি জমির গম এখন দানা বাঁধার সময়। তাছাড়া তামাক পাতা স্যাকার এখন মোক্ষম সময়। গোল আলু পচে যাবার সম্ভাবনা রয়েছে। এসময়টি ফসলের জন্য খুবই গুরুত্বপূর্ণ সময়।

গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের গম চাষি আব্দুল জলিল বলেন, আমি দুই বিঘা জমিতে বারি ৩৩ জাতের গম আবাদ করেছি। এই গম আমার সংসারের একমাত্র খাদ্যশস্য।

প্রতিবছর গমের আবাদের ওপর নির্ভর করেই আমার পরিবারের জীবীকা। রাতে ঝড় বৃষ্টি থেমে যওয়ার পর মাঠে গিয়েছিলাম। গিয়ে দেখি দুই বিঘা জমির সব গম মাটির সাথে মিশে গেছে। একেবারেই শীষে দানা হবেনা। গো খাদ্য হিসেবে ব্যবহার করা ছাড়া কোন উপায় দেখছিনা।

গ্রামের বেগুন চাষি ইদ্রিস আলী ইদু জানায়, আমার ২৫ কাঠা জমিতে বেগুন আবাদ করেছি। বৃষ্টি ও ঝড়ে অনেক বেগুন গাছ দুমড়ে মুচড়ে গেছে। রোদ হলেই দুমড়ে মুচড়ে যাওয়া বেগুন গাছ শুকিয়ে মারা যাবে।

ভুট্রা চাষি হাবিবুর রহমান জানায়, একবিঘা জমিতে ভুট্রা ছিল। ভুট্রার সব গাছ বাতাসে হেলে পড়েছে। দানা হওয়ার আগেই গাছের গোড়া নড়ে যাওয়া ও শিকড় ছিড়ে যাওয়ায় আশানুরুপ দানা হবেনা ভুট্রায়। হঠাৎ বৃষ্টি ও ঝড়ে ক্ষতি হওয়া মসুরি ক্ষেত নিয়ে চিন্তিত কৃষক ইউনুছ আলী

সদর উপজেলা বুড়িপোতা গ্রামের কলা চাষি মোরতুজা জনায়, একবিঘা জমিতে কলা আবাদ করেছিলেন। প্রতিটি গাছেই কাধি হয়েছে। কোন প্রস্তুতি ছাড়ায় গত বৃহস্পতিবার দিনগত রাতে মেহেরপুর জেলায় ঝড়ো হাওয়া আঘাত হানে।

ঝড়ের আঘাতে আমার কলা বাগানের অধিকাংশ গাছ মাঝ থেকে ভেঙ্গে গেছে । এঝড়ে অন্তত অর্ধ লক্ষ টাকার ক্ষতি হয়েছে।
মুজিবনগরের শাকিল আহম্মেদ জানায়,তিনি দুই বিঘা জমিতে গম ও এক বিঘা জমিতে মসুরি আবাদ করেছেন।

গতকালের বৃষ্টি ও আর ঝড়ে গম মাটিতে পড়ে গেছে। মসুরি ক্ষেতের ফুল ঝরে গেছে। আমার দুটি আবাদেই চরম ফলন বিপর্যয় হবে। তিনি আরো জানান,তার জমির আশপাশের কয়েকশ বিঘা জমির গম মাটিতে ন্যুয়ে পড়েছে।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা লাভলি খাতুন জানান, উপজেলায় গমের আবাদ হয়েছে ৬৫০০ হেক্টর,ভুট্রা ৬৮০০ হেক্টর ও মসুরি হয়েছে ৫৫০০ হেক্টর। তিনি বলেন, যে গম একেবারেই মাটিতে পড়ে গেছে সেই সব জমির গমের ফলন খুবই কম হবে। তবে এখন অবজাভেশনের বিষয়। নিশ্চিত করে বলা সম্ভব হচ্ছেনা।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক ◌্একেএম কামরুজ্জামান বলেন, বৃহস্পতিবার রাতে হঠাৎ বৃষ্টি ও ঝড়ো হাওয়ায় উঠতি বয়সের ফসল যেমন গম,ভট্রা ও মসুরি কিছুটা ক্ষতি হয়েছে।

গেল রাতে ২৬ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে চুয়াডাঙ্গা ও মেহেরপুরে। এতে ভয়ের কিছু নেই। রাতে ঝড়ো হাওয়া ও বৃষ্টি হলেও সকালে রোদ উঠেছে। পড়ে যাওয়া ফসল অনেকটাই রোদ হলে উঠে দাঁড়াবে। তবে কয়েকদিন পরে বোঝা যাবে কৃষকদের ক্ষতির বিষয়ে। বিভিন্ন মাঠে আমাদের লোকজন পাঠানো হয়েছে । ক্ষতি কমাতে চাষিদের বিভিন্ন পরামর্শ দেয়া হচ্ছে বলেও জানান এই কর্মকর্তা।

গাংনীতে স্বামী-স্ত্রীকে গাছে বেঁধে ডাকাতির ঘটনায় আন্ত:জেলা ডাকাতদলের ৬ সদস্যসহ ৯ জন গ্রেফতার (ভিডিও)

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া-চিৎলা সড়কে স্বামী-স্ত্রীকে গাছে বেঁধে অস্ত্রের মুখে মোটরসাইকেল, স্বর্ণালংকার ও মোবাইল ফোন ডাকাতির ঘটনায় আন্ত:জেলা ডাকাত দলের ৬ সদস্যসহ ৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারী) দিবাগত রাত ব্যাপি প্রযুক্তি ব্যাবহার করে মেহেরপুর সদর, মুজিবনগর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব ডাকাতদের গ্রেফতার ও ডাকাতির মোটরসাইকেল, স্বর্ণালংকার, মোবাইল ও ডাকাতির কাজে ব্যবহৃত ছোরা উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃত ডাকাতরা হলো মেহেরপুর সদর উপজেলার উত্তর শালিকা গ্রামের অবেদ আলীর ছেলে আলামিন (২৫), একই উপজেলার শ্যামপুর গ্রামের উত্তরপাড়া এলাকার আব্দুল বারীর ছেলে মিলন হোসেন (২৮), মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মৃত মুকুল জোয়ার্দ্দারের ছেলে আরিফুল ইসলাম ওরফে খোকন ওরফে প্রতীক (২৬), একই গ্রামের আব্দুর রহমানের ছেলে শাকিল (২২), মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের বাছাদ আলীর ছেলে সবুজ হোসেন (২৫), একই গ্রামের সেলিম হোসেনের ছেলে শামীম রেজা ওরফে শিপন হোসেন (২৬।

এছাড়া মোবাইল ফোন ক্রেতা গাংনী থানার কাথুলি গ্রামের ফজলুল হকের ছেলে শামীম রেজা (২৭), স্বর্ণালংকার ক্রেতা গাংনী বাজারের স্বর্ণাকার সাইফুল ইসলাম (৪০), মোটারসাইকেল ক্রেতা চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুনিয়া গ্রামের মৃত আলাউদ্দীনের ছেলে জালাল উদ্দীন (৪৩) আটক করা হয়েছে।

তিনি আরও জানান, মোটরাসাইকেল ক্রেতা চুয়াডাঙ্গার দামুড়হুদার

জালাল উদ্দীন একজন পেশাদার চোরাই মোটরসাইকেল ব্যবসায়ী।এবং কাথুলির শামীম রেজার কাজই চোরাইল মোবাইল ফোনের কারবারী।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বৃহস্পতিবার দিবাগত রাতভর আজ শুক্রবার (২৫ ফেব্রুয়ারী) ভোররাত পর্যন্ত মেহেরপুর জেলা, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে পুলিশের একটি চৌকস দল তথ্য প্রযুক্তির সহায়তায় অভিযান চালিয়ে এসব ডাকাতকে গ্রেফতার করেন।এসময় লুণ্ঠিত একটি ১৫০ সিসি হাঙ্ক মোটরাসাইকেল, দুল ও তিনটি মোবাইল ফোন উদ্ধার করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন গাংনী থানা পুলিশের চৌকস দলের সদস্যদের নিরলস পরিশ্রমের কারণে ডাকাতির ঘটনায় পুরো দলটিকে গ্রেফতার ও মালামাল উদ্ধার করা সম্ভব হয়েছে।

গ্রেফতারকৃত ৬ ডাকাতের বিরুদ্ধে গাংনী, মুজিবনগর, সদর ও আলমডাঙ্গাসহ আশেপাশের থানাতে ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজী, বিস্ফোরণসহ নানা অভিযোগে ৭ থেকে ৮টি করে মামলা রয়েছে।তারা জেলা এবং জেলার বাইরে বিভিন্ন স্থানে রাস্তায় গাছ ফেলে ডাকাতি করতো। বিভিন্ন স্থানের ডাকাতদের নিয়ে তারা গড়ে তুলেছে একটি সংঘবদ্ধ ডাকাতদল চক্র। প্রাথমিক জিজ্ঞাসাবাদে এলাকার বিভিন্ন স্থানে ডাকাতি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধের কথা স্বীকার করেছে।

উল্লেখ্য, গত ৯ ফেব্রুয়ারী দিবাগত রাত রাত ৯ টার দিকে বাঁশবাড়িয়া চিৎলা সড়কের রাস্তা গতিরোধ ডাকাতির ঘটনা ঘটে। চিৎলা গ্রামের ডিস ব্যবসায়ী কামরুজ্জামান তার স্ত্রী মহিমা খাতুন ও শিশু রিতাকে অস্ত্রের মুখে জিম্মি করে তাদের একটি বাগানের মধ্যে নিয়ে গিয়ে গাছে বেঁধে ফেলে। এসময় তাদের ব্যবহৃত একটি হাঙ্ক মোটরসাইকেল, তিনটি মোবাইল ফোন ও স্বর্ণালংকার নিয়ে চলে যায়।

এঘটনায় কামরুজ্জামান বাদী হয়ে ৩৯৫ দন্ডবিধি আইনে একটি মামলা দায়ের করেন।

আজ শুক্রবার (২৫ ফেব্রুয়ারী) বেলা ১২ টার দিকে আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে সরস্বতী খাল থেকে কচুরিপানা অপসারণ

মুজিবনগর উপজেলা নিবার্হী অফিসার সুজন সরকারের আরও একটি প্রশংসনীয় উদ্যোগ রিভার মিলিং মেশিনের মাধ্যমে দ্রুততম সময়ে সারাবছর কচুরিপানা অপসারণ মাধ্যমে সরস্বতী খালকে পুনরুজ্জীবিত করে রাখার।

নির্বাহী অফিসার সুজন সরকার বৃহস্পতিবার বিকেলে এই বিষয়ের উপর একটি ফেসবুক পোষ্ট করেছেন ফেসবুকের পোষ্টটি নিচে তুলে ধরা হলো।

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় কৃষির মান উন্নয়নসহ জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখতে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির ঐকান্তিক প্রচেষ্টায় সরস্বতী খাল পুনঃখনন করা হয়েছে।

কিশোরের অবাধ সাঁতার, কৃষকের কৃষিকাজ বা স্থানীয়দের মাছ ধরার জন্য এই খাল উপযোগী হয়ে উঠেছিলো। কিন্তু, কিছুদিনের মধ্যেই এখানে বাড়তে থাকে কচুরিপানা।

একটা সময় অবস্থা এমনই হয় যে, সরস্বতী খালে কোন ব্যক্তির নৌকায় চলাচল বা কিশোরের সাঁতার কাটা বা যেকোন ব্যক্তির মাছ ধরার জন্য তা অনুপযোগী হয়ে পড়ে। এই কচুরিপানা অপসারণে বিভিন্ন জনের কাছ থেকে আমরা পরামর্শ নিয়ে।

বিভিন্নভাবে সমাধানের উপায় খোঁজা হচ্ছিলো আবারও এগিয়ে আসলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। তিনি ভিয়েতনামে প্রচলিত ‘রিভার মিলিং মেশিন’ এর সন্ধান দিলেন।

স্থানীয়ভাবে বললে, এটি একটি ইঞ্জিনচালিত নৌকা, যার সামনে রয়েছে ব্লেড/পাতের তৈরী দুটি পাখনা; যখন এই ইঞ্জিনচালিত নৌকাটি চলতে থাকে, তখন নৌকার সামনে থাকা কচুরিপানা চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়।

মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসক, মেহেরপুর ড. মোহাম্মদ মনসুর আলম খানের তত্ত্বাবধানে উপজেলা প্রশাসন

স্থানীয়ভাবে ইঞ্জিনচালিত ঐ নৌকা/রিভার মিলিং মেশিন তৈরী করে।

পরে স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তায় ম্যানুয়ালি সরস্বতী খাল থেকে কচুরিপানা অপসারণ করা হয়েছে। বর্তমানে খালটি কচুরিপানা মুক্ত। রিভার মিলিং মেশিন দ্বারা এখন নিয়মিতভাবে সদ্য জন্ম নেওয়া কচুরিপানাগুলোকে অপসারণ করা সম্ভব হবে।আশা করা যায়, নিয়মিত তদারকি ও রিভার মিলিং মেশিনের মাধ্যমে সরস্বতী যে উদ্দেশ্যে পুনঃখনন করা হয়েছিল, সেই উদ্দেশ্য বাস্তবায়িত হবে।

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে অব্যাহতি পেলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক, প্রকাশক ও রিপোর্টার

মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নের দায়ের করা ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে অব্যাহতি পেলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও সাবেক রিপোর্টার আল আমিন।

বুধবার দুপুরে খুলনা বিভাগীয় সাইবার অপরাধ ট্রাইব্যুনালের বিচারক কনিকা বিশ্বাস ডিসচার্জের আদেশ দেন।

জানা গেছে, ২০২০ সালের ১১ মে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় ‘গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হলে পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও রিপোর্টার আল আমিনকে আসামি করে গাংনী থানায় দুই দিন পর ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করেন এমপি মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন।
মামলায় আসামিরা মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালত থেকে জামিন নেন। পরবর্তিতে পুলিশ অভিযোগ দাখিল করলে মামলাটি ঢাকার সাইবার অপরাধ ট্রাইব্যুনালে হস্তান্তর হয়। পরে বিভাগীয়

পর্যায়ে সাইবার অপরাধ ট্রাইব্যুনাল আদালত গঠন করা হলে মামলাটি খুলনা বিভাগীয় সাইবার অপরাধ ট্রাইব্যুনালে পাঠানো হয়। ওই আদালত থেকেও আসামিরা জামিন নেন। গতকাল বুধবার ২৩ ফেব্রুয়ারি মামলা চার্জ গঠনের শুনানী শেষে বিজ্ঞ বিচারক উভয় পক্ষের আইনজীবীদের যুক্তিতর্ক শোনেন এবং পর্যবেক্ষণ করে মামলাটি ডিসচার্জের আদেশ দেন।

রাষ্ট্রপক্ষের আইনজীবীর দায়িত্ব পালন করেন সাইবার অপরাধ ট্রাইব্যুনালের স্পেশাল পাবলিক প্রসিকিউটর এম এম সাজ্জাদ আলী এবং আসামি পক্ষে আইনজীবীর দায়িত্ব পালন করেন মিঠু চন্দ্র সাধক।

আসামিপক্ষের আইনজীবী মিঠু চন্দ্র সাধক বলেন, আসামিরা একটি পত্রিকার সম্পাদক, প্রকাশক ও সাংবাদিক। সমাজের অন্যায়, দুর্নীতি তুলে ধরায় সাংবাদিকের কাজ। সে অধিকার সাংবাদিকদেও রয়েছে। স্বাধীন সংবাদ মাধ্যমের কণ্ঠরোধ করার জন্য হয়রানীমূলক এ মামলা দায়ের করা হয়েছিলো। এ ধারা চলতে থাকলে সমাজে অন্যায়, দুর্নীতির প্রবণতা বেড়ে যাবে। বাড়ির মালিক বিভিন্নভাবে চেষ্টা করেও বাড়িটি সাবেক এমপি মকবুল হোসেনের কাছে থেকে ছাড়াতে পারেননি। তারপরেই বাড়িটি দখল নিয়ে সংবাদ প্রকাশ করে মেহেরপুর প্রতিদিন। মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ করার পর বিষয়টি জানাজানি হলে তিন মাস পর তিনি ওই বাড়িটি ছেড়ে দেন। পরিত্যক্ত ওই বাড়িটি ৭লাখ টাকা খরচ করে সংস্কার করেছেন বাড়ির মালিক জিনারুল ইসলাম। এ অবস্থায় হয়রানীমূলক মামলা থেকে আসামিরা অব্যাহতি পাওয়ার দাবি রাখে। বিষয়টি আদালতে উপস্থাপন করা হলে বিজ্ঞ বিচারক মামলা উভয় পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শোনেন এবং মামলার নথি পর্যবেক্ষণ করে ডিসচার্জের আদেশ দেন।

যে সংবাদ প্রকাশ করার কারণে মামলা হয়েছিলো। সেই সংবাদটি পড়তে ক্লিক করুন গাংনীর-সাবেক-এমপি-মকবুলে

গাংনীতে ফেনসিডিলসহ দুই মাদক কারবারী আটক

গাংনী থানার ভবানীপুর পুলিশ ক্যাম্প পুলিশের মাদক বিরোধী অভিযানে ৭০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক কারবারীকে আটক হয়েছে। এর মধ্যে একজন নারী মাদক কারবারীও রয়েছেন।

আটক মাদক কারবারীরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা শহরের বাজারপাড়া এলাকার রাফিজ উদ্দীনের ছেলে স্বপন হোসেন (৩৬) ও একই উপজেলার তেকালা গ্রামের মাঠপাড়া এলাকার মাহবুবুর রহমানের স্ত্রী স্মৃতিয়ারা খাতুন (২০)।

বুধবার সকালের দিকে বেতবাড়িয়া বামন্দী সড়কের মাঠের মধ্যে থেকে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে ব্যাগ ভর্তি ৭০ বোতল ফেনসিডিল ও একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্ত্বিতে খবর পেয়ে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ েওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেছেন, তারা দুজনেই স্বামী স্ত্রী সেজে ফেনসিডিল পাচার করছিলো। তিনি জানান, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) স্বারণীর ১৪(গ)/৪১ ধারায় গাংনী থানায় একটি নিয়মিত মামলা রয়েছে। তবে মামলায় মোট ৪ জন আসামী রয়েছে। দুজন আটক হলেও পলাতাক রয়েছে দুজন। আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ট্রাক্টরের ধাক্কায়

একজন নিহত

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা-বাড়িবাকা সড়কে মাটি বোঝাই ট্রাক্টরের ধাক্কায় ভনা (৫০) নামের একজন ভাটা শ্রমিকের মৃত্যু হয়েছে।

বুধবার বিকালের দিকে এ ঘটনা ঘটে। ভনা মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গুচ্ছগ্রামের মৃত রেজাউল হকের ছেলে। ভনা দুই সন্তানের জনক।

জানা গেছে, নিহত ভনা মেহেরপুর সদর উপজেলার যাদবপুরে গোলাম রহমান এন্ড সন্স ইটভাটায় কাজ শেষ করে সাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে বাড়িবাঁকার কাছাকাছি পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টর তাকে ধাক্কা দিলে সে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন। এসময় ট্রাক্টর চালক পালিয়ে যায়।

এলাকাবাসী জানান ওই সড়কের দু’পাশে সংস্কারের কাজ চলার কারণে সড়কটি সরু হয়ে পড়েছে। এরপরেও ট্রাক্টর চালক দ্রুতগতিতে মেহেরপুরের দিকে আসছিল।

পথিমধ্যে সাইকেল চালক ভনা কে ধাক্কা মেরে চাকার সাথে বেশ কিছুটা পথ তাকে টেনে নিয়ে আসে। তার মাথার নিচের অংশ থেঁতলে যাওয়ায় প্রচুর রক্তক্ষরণের কারণে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

তারা আরও জানান, সংস্কার কাজের জন্য দীর্ঘদিন ধরে সড়কের পাশে গর্ত খুড়ে রাখার কারণে ভনা সাইড দিতে না পারায় এমনটি ঘটেছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা জানান, খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থলে পাঠানো হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ নেই।

কোটি মানুষের টিকা প্রদানে গাংনী পৌরসভার ভ্রাম্যমাণ প্রচারণা

আগামি ২৬ ফেব্রুয়ারী সারাদেশে এক কোটি মানুষকে করোনা ভাইরাস টিকা প্রদানের লক্ষ্যমাত্রা ঠিক করেছে সরকার।

এ কর্মসুচী বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুরের গাংনী পৌরসভার পক্ষ থেকে শুরু হয়েছে ভ্রাম্যমাণ প্রচারণা। খোলা ট্রাকের উপরে শিল্পীরা গান গেয়ে বিভিন্ন এলাকায় টিকা গ্রহণের জন্য সচেনতনা সৃষ্টি করছে।

বুধবার দুপুরের গাংনী হাসপাতালে বাজারে এ প্রচারণা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ।

করোনা ভাইরাসের যখন সারা বিশ্ব স্থবির হয়ে পড়েছিল ঠিক সেই মুহুর্ত থেকেই গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী বিভিন্ন ভাবে মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি, মানুষের বাড়ি বাড়ি খাদ্য পৌছে দেয়া এবং হাট বাজারে মাস্ক বিতরণ অব্যাহত রেখেছিলেন।

প্রথম থেকে সম্মুখ যোদ্ধা হিসেবেই মাঠে ময়দানে কাজ করে চলেছেন। করোনার ভয়াবহতা, মৃত্যু আর আক্রান্ত মানুষের ক্ষতি তুলে ধরে গানের মাধ্যমে প্রচারণা করা হচ্ছে।

অষ্টমঙ্গলেই মেহেদীর রং হাতে নিয়েই পৃথিবী ছেড়ে বিদায় নিলেন

নববধু

পিতার বাড়িতে অষ্ট মঙ্গলে এসে বিয়ের সেই মেহেদীর রং হাতে নিয়েই অভিমানে পৃথিবী ছেড়ে বিদায় নিলেন নববধু আজমিরা খাতুন (১৬)।

বাবা মায়ের বাড়ির পাশের একটি আম গাছের সাথে গলাই রশি পেছিয়ে ফাঁস দিয়ে আত্মহত্যা করে সে। ঘটনাটি ঘটেছে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ঢোলমারী গ্রামে মঙ্গলবার দিবাগত মধ্যরাতে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন। নিহত আজমিরা খাতুন মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের মোসারফ আলীর মেয়ে। গত শনিবার (১৯ ফেব্রুয়ারী) মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের সোনাপুর মাঝপাড়া গ্রামের তাহের আলীর ছেলে শাহিন আলীর (২২) সাথে পারিবারিকভাবে বিয়ে তার হয়েছে।

গত সোমবার (২১ ফেব্রুয়ারী) জামাইকে সাথে নিয়ে অষ্টমোল্লার উদ্দেশ্যে মেয়ে পিতার বাড়ি ঢোলমারীতে আসে। আজমিরার স্বামী শাহিন আলী জানান, মাঝরাতে বাথরুমে যাওয়ার নাম করে সে উঠে আসে। পরে বাড়ির পিছনে আম গাছের সাথে গলায় রশি দিয়ে আত্মহত্যা করে।

এদিকে মেয়ের পিতা মোসাররফ হোসেন জানান, বিয়ের পরপই আমার কাছে সে স্বর্ণালংকার দাবী করছিলো সে। আমি তাকে কয়েকদিন পর বানিয়েও দিতে চেয়েছি।আর এ কারণেই হয়তো সে আত্মহত্যার পথ বেঁচে নিয়েছে। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, আজমিরার মরদেহ উদ্ধার করা হয়েছিল। প্রাথমিক তদন্তে ঘটনাটি আত্মহত্যার মনে হয়েছে। তবে, কোনো অভিযোগ না থাকায় এবং মেয়ের বাবার আবেদনের কারণে ময়না তদন্ত ছাড়াই পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

গাংনী থেকে টিকা নিয়ে বাড়ি ফেরার পথে ইজিবাইকের ধাক্কায় স্কুল ছাত্র নিহত

মেহেরপুরের গাংনীতে টিকা নিয়ে বাড়ি ফেরার পথে ইজিবাইকের ধাক্কায় সাকিবুল ইসলাম শিলন (১৩) নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে। আজ বুধবার(২৩ ফেব্রুয়ারী) দুপুরে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পশ্চিম মালসাদহ নামক স্থানে ইজিবাইকের (ব্যাটারি চালিত যান) ধাক্কায় তার মৃত্যু হয়। সাকিবুল ইসলাম শিলন গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের রাহাতুল ইসলামের ছেলে। সে হাড়াভাঙ্গা এইচকেএস মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র।

নিহতের ভাই আব্দুল্লাহ জানান, স্কুলের ছাত্রছাত্রীদের সঙ্গে টিকা নিতে সকালে গাংনী পৌরসভায় যায়। টিকা নিয়ে ইজিবাইকে বাড়ি ফেরার সময় পেছন থেকে দ্রুত গতির অপর একটি ইজিবাইক ধাক্কা দিলে মাথায় গুরুতর আঘাত পান শিলন। রক্তাত্ব জখম অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমেপ্লক্সে নিলে প্রাথমিক চিকিৎসার এক পর্যায়ে তার মৃত্যু হয়।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মর্কা ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মরদেহ পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এ বিষয়ে ধাক্কা দেয়া ইজিবাইকের চালককে আটকের চেষ্টা চলছে।

গাংনীতে গাঁজা রাখার অপরাধে মাদকসেবীর এক মাসের কারাদণ্ড

গাঁজা রাখার অপরাধে মীর মুকুল (৪৫) নামের এক মাদকসেবীকে এক মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মেহেরপুর জেলা মাদক দ্রব্য

নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় আজ বুধবার দুপুরে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালন করেন সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম।

দণ্ডিত মীর মুকুল গাংনী ভিটাপাড়ার মীর মহসিন আলীর ছেলে।

জানা গেছে, মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল অভিযান চালিয়ে গাংনী সবজি বাজারের সামনে থেকে মীর মুকুলকে দুই পুরিয়া গাঁজাসহ আটক করতে সক্ষম হয়। এসময় গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে দোষী সাব্যস্ত করে এক মাসের কারাদণ্ডাদেশ দেন। দণ্ডিত মীর মুকুলকে গাংনী থানার মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হচ্ছে।

অভিযানে উপস্থিত ছিলেন মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুরের পরিদর্শক আব্দুল মান্নান, উপ পরিদর্শক খাসরু আলম মামুন, সহকারি উপ পরিদর্শক রুহুল আমিন ও জিএম শহিদুল ইসলাম।